ফাতওয়া নাম্বার: ১৬২ প্রকাশকালঃ১৯-০৩-২০২১ ইং

জিহাদের জন্য প্রস্তুতি গ্রহণ করা কি সর্বাবস্থায়ই ফরয?

প্রশ্নঃ

হক্কানী আলেমদের মুখে শুনেছি, জিহাদের জন্য ই'দাদ বা প্রস্তুতি গ্রহণ করা হল ফরজ। আমার প্রশ্ন হল, এটি কি সর্বাবস্থায়ই ফরয? না কেবল জিহাদ চলাকালে ফরয?

প্রশ্নকারী-মুহাম্মাদ রাকিব

উত্তর:

ই'দাদ জিহাদের পূর্বশর্ত। ই'দাদ ব্যতীত জিহাদ সম্ভব নয়। তাই জিহাদের যে বিধান, ই'দাদেরও সে বিধান। স্বাভাবিক অবস্থায় জিহাদ যেহেতু ফরযে কেফায়া, তখন ই'দাদও ফরজে কেফায়া। পক্ষান্তরে বিশেষ পরিস্থিতি যেমন শত্রু আক্রমণ করলে বা ইমাম নির্দেশ দিলে জিহাদ যেহেতু ফরজে আইন, তখন ই'দাদও ফরজে আইন।

আল্লাহ রাব্বুল আলামিন ইরশাদ করেন,

وَأَعِدُّوا لَهُمْ مَا اسْتَطَعْتُمْ مِنْ قُوَّةٍ وَمِنْ رِبَاطِ الْخَيْلِ تُرْهِبُونَ بِهِ عَدُوَّ اللَّهِ وَعَدُوَّكُمْ وَآخَرِينَ مِنْ دُونِهِمْ لَا تَعْلَمُونَهُمُ اللَّهُ يَعْلَمُهُمْ

الانفال:60

"তোমরা কাফেরদের (মোকাবেলা করার) জন্য সাধ্যানুযায়ী শক্তি ও পালিত ঘোড়ার দল প্রস্তুত রাখ, যার দ্বারা তোমরা ভীত-সন্ত্রস্ত করবে আল্লাহর দুশমন ও তোমাদের দুশমনদের এবং ওরা ছাড়াও অন্যদের, যাদের তোমরা জান না। আল্লাহ ওদের জানেন।" –সূরা আনফাল (৮) : ৬০

ইমাম কুরতুবী রহ. (৬৭১ হি.) বলেন:

وتعلم الفروسية واستعمال الأسلحة فرض كفاية وقد يتعين.اهـ –تفسير القرطبي: 36/8

"অশ্বচালনা শিক্ষা করা এবং অস্ত্রপাতির ব্যবহার রপ্ত করা ফরযে কিফায়া। তবে কখনো কখনো ফরযে আইন হয়ে যায়।" -তাফসীরে কুরতুবী: ৮/৩৬

তবে ই' দাদের বিভিন্ন স্তর ও বিভিন্ন ধরন রয়েছে। একজন ব্যক্তির উপর সব সময় সবগুলো আবশ্যক নাও হতে পারে। বিস্তারিত জানার জন্য নিচের ফতোয়াগুলোতে দেখুন-

ফতোয়া নং-৩৮. জিহাদের জন্য প্রস্তুতি গ্রহণ করার হুকুম কী? https://fatwaa.org/২০২০/০৬/২৫/১১৮৫/

ফতোয়া নং-১১৬. বর্তমান প্রেক্ষাপটে ইদাদের ফরযটি কীভাবে আদায় করব? https://fatwaa.org/২০২০/১০/২৫/১৮৬৪/

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৬-০৭-১৪৪২ হি.

১১-০৩-২০২১ ইং